



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৫ মে ২০২২

বাউবিতে তথ্য অধিকার আইন-২০০৯ ও কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন সম্পর্কিত ৩য় সভা অনুষ্ঠিত



ক্যাপসন: তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন ও তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কিত সভায় বক্তব্য রাখছেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মকাণ্ড ও সেবার মানোন্নয়নে স্বচ্ছতা, জবাবদিহিতা আরো শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন ও তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কিত এক সভা আজ ২৫ মে ২০২২ বুধবার গাজীপুর ক্যাম্পাসে উপাচার্যের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন স্কুল অব এডুকেশনের অধ্যাপক ড. সোয়াইব আহমেদ, ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক এ এস এম নোমান আলম, তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, সামাজিক বিজ্ঞান- মানবিক ও ভাষা স্কুল এর সহযোগী অধ্যাপক এম এস সায়মা আহমেদ, লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান এমএস সঙ্গীতা মোরশেদ, প্রশাসন বিভাগের যুগ্ম পরিচালক মোঃ আব্দুল্লাহ আল কাফি, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের যুগ্ম পরিচালক মোঃ আব্দুল করিম এবং ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক মোঃ আব্দুস সাত্তার। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে বাউবি তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি এ সভার আয়োজন করে। সভায় তথ্য অধিকার আইন, একাডেমিক কার্যক্রম ডিজিটলাইজেশন, ওয়ানস্টপ সেন্টার ও হেলপ লাইন, সেবা কার্যক্রম নিশ্চিতকরণ, দক্ষতা বৃদ্ধিতে কর্মশালা, মাঠ পর্যায়ে গবেষণা ও অভ্যন্তরীণ কর্মপরিবেশ উন্নয়নে বিস্তার আলোচনা হয়।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইল ০১৭১২৫৯৯৫০৪